

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
১ম	০৫ সেপ্টেম্বর, ২০১৯	সেপ্টেম্বর, ২০১৯	অফিস চলাকালীন সময় পর্যন্ত
২য়	০৫ ডিসেম্বর, ২০১৯	ডিসেম্বর, ২০১৯	
৩য়	০৫ মার্চ, ২০২০	মার্চ, ২০২০	

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

২৮-৭-২০১৯

উপসচিব
লজিস্টিক সেবা শাখা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

মোহাম্মদ আবুল খায়ের
উপসচিব

ফোন: ০২-৫৫০০৬৮৭০

ইমেইল: mkhayer@ictd.gov.bd

ইউ. ও. নোট নম্বর:

৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬.৯৩

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৬

২৮ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) সকল মন্ত্রনালয়/বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) জেলা প্রশাসক (সকল)

২৮-৭-২০১৯

মোহাম্মদ আবুল খায়ের
উপসচিব